সীমান্তের অতন্দ্র প্রহরী

বর্ডার গার্ড বাংলাদেশ এ যোগ দিন সীমান্ত রক্ষায় গর্বের অংশীদার হোন

ডিজিটাল পদ্ধতিতে ৯১তম ব্যাচে সিপাহী (জিডি) পদে পুরুষ ও মহিলা প্রার্থী ভর্তির বিজ্ঞপ্তি

১। শিক্ষাগত যোগ্যতা, বেতন স্কেল ও বয়স।

ক্রমিক	বিবরণ	শর্তাবলী
ক।	শিক্ষাগত যোগ্যতা	এসএসসি/সমমান পরীক্ষায় কমপক্ষে জিপিএ ৩.০০ এবং এইচএসসি/সমমান পরীক্ষায় কমপক্ষে জিপিএ ২.৫০ পেয়ে উত্তীর্ণ হতে হবে (পুরুষ ও মহিলা প্রার্থী উভয়ের জন্য প্রযোজ্য)। * বর্ডার গার্ড বাংলাদেশ এ জুনিয়র কর্মকর্তাগণকে ২য় শ্রেণীতে উন্নীত করা হয়েছে এবং এক্ষেত্রে ফিডার পদে ন্যূনতম যোগ্যতা এইচএসসি পাস করা হয়েছে। সে মোতাবেক বর্ডার গার্ড বাংলাদেশ এ সিপাহী (জিডি) পদে এইচএসসি পাস প্রার্থী ভর্তি করা হচ্ছে।
খ।	বেতন স্কেল	জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী ৯০০০ - ২১৮০০/- টাকা। তৎসহ বাড়ি ভাড়া, বাসস্থান এবং বিধি মোতাবেক প্রাপ্য অন্যান্য সুবিধাদি।
গ।	বয়স	১০-৯-২০১৭ তারিখে বয়স ১৮ হতে ২৩ বছর (জন্ম তারিখ ১০-৯-১৯৯৯ তারিখ বা এর পূর্বে এবং ১০-৯-১৯৯৪ তারিখ বা এর পরে জন্ম হতে হবে)। বয়স গণনার ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয় (পুরুষ ও মহিলা প্রার্থী উভয়ের জন্য প্রযোজ্য)।

২। শারীরিক যোগ্যতা।

ক্রমিক	বিবরণ	পুরুষ প্রার্থীদের ক্ষেত্রে	মহিলা প্রার্থীদের ক্ষেত্রে
ক।	উচ্চতা	১.৬৭৬ মিটার (৫'-৬"), উপজাতীয়দের ক্ষেত্রে ১.৬২৫ মিটার (৫'-৪")	১.৫৭৪ মিটার (৫'-২"), উপজাতীয় মহিলাদের ক্ষেত্রে-১.৫২৪ মিটার (৫'-০")
খ।	ওজন	৪৯.৮৯৫ কেজি (১১০ পাউন্ড) উপজাতীয়দের ক্ষেত্রে ৪৭.১৭৩ কেজি (১০৪ পাঃ)	৪৭.১৭৩ কেজি (১০৪ পাউন্ড) উপজাতীয় মহিলাদের ক্ষেত্রে (৯৬ পাউন্ড)
গ।	বুকের মাপ	স্বাভাবিক ৮১.২৮ সেঃমিঃ (৩২ ইঞ্চি) স্ফীত ৮৬.৩৬ সেঃমিঃ (৩৪ ইঞ্চি) উপজাতীয়দের ক্ষেত্রে ৭৬.২০ সেঃমিঃ (৩০ ইঞ্চি) স্ফীত ৮১.২৮ সেঃমিঃ (৩২ ইঞ্চি)	স্বাভাবিক ৭১.১২ সেঃমিঃ (২৮ ইঞ্চি) স্ফীত ৭৬.২০ সেঃমিঃ (৩০ ইঞ্চি)
ঘ।	দৃষ্টিশক্তি	৬ / ৬	৬ / ৬

৩। বৈবাহিক অবস্থা। অবিবাহিত (তালাকপ্রাপ্ত গ্রহণযোগ্য নহে)।

৪। অত্র বাহিনীর জনবল হ্রাস/বৃদ্ধির উপর ভিত্তি করে মহাপরিচালক মহোদয় (নিয়োগকারী কর্তৃপক্ষ) জেলা কোটা কম/বেশী করার ক্ষমতা সংরক্ষণ করেন।

৫। ভর্তির তারিখ ও স্থান। এসএমএস (SMS) এর মাধ্যমে জানানো হবে।

৬। জেলা কোটা। সকল জেলাসমূহ হতে সিপাহী (জিডি) পদে পুরুষ ও মহিলা প্রার্থী ভর্তি করা হবে। ভর্তি কোটার সংখ্যা সীমিত।

৭। এসএমএস (SMS) এর জন্য প্রযোজ্য কোডসমূহ। রেজিস্ট্রেশনের জন্য এসএমএস (SMS) করতে প্রয়োজনীয় কোডসমূহ নিম্নরূপ ঃ

ক। **HSC & SSC Board Code**। এসএমএস (SMS) প্রেরণের সময় এইচএসসি/সমমান এবং এসএসসি/সমমান পাসের নিম্নবর্ণিত বোর্ড কোড ব্যবহার করতে হবে ঃ

HSC& SSC Board Name & Board Keyword

Board Name	Board Keyword	Board Name	Board Keyword	Board Name	Board Keyword
Dhaka	DHA	Barishal	BAR	Madrasha	MAD
Rajshahi	RAJ	Sylhet	SYL	Bangladesh Open University (BOU)	OTH
Jessore	JES	Chittagong	CHI	Technical Board	TEC/HBM/DIC/VOC/DIBS
Comilla	COM	Dinajpur	DIN		

খ। **Home District Code**। এসএমএস (SMS) প্রেরণের সময় নিম্নবর্ণিত **Home District Code** ব্যবহার করতে হবে ঃ

Home District Name & District Code

District Name	Code	District Name	Code	District Name	Code	District Name	Code
Panchagarh	01	Kushtia	17	Netrakona	33	Shariatpur	49
Thakurgaon	02	Meherpur	18	Mymensingh	34	Sunamgonj	50
Dinajpur	03	Chuadanga	19	Sherpur	35	Sylhet	51
Nilphamari	04	Jhenaidah	20	Jamalpur	36	Moulavibazar	52
Lalmonirhat	05	Magura	21	Tangail	37	Hobigonj	53
Rangpur	06	Narail	22	kishoregonj	38	Brahmanbaria	54
Kurigram	07	Jessore	23	Manikgonj	39	Comilla	55
Gaibandha	08	Satkhira	24	Dhaka	40	Chandpur	56
Joypurhat	09	Khulna	25	Gazipur	41	Laxmipur	57
Bogra	10	Bagerhat	26	Narsingdi	42	Noakhali	58
Naogaon	11	Pirojpur	27	Narayangonj	43	Feni	59
Natore	12	Jhalokati	28	Munshigonj	44	Chittagong	60
Nawabgonj	13	Barisal	29	Faridpur	45	Cox'sbazar	61
Rajshahi	14	Bhola	30	Rajbari	46	Khagrachari	62
Sirajganj	15	Patuakhali	31	Gopalgonj	47	Rangamati	63
Pabna	16	Barguna	32	Madaripur	48	Bandarban	64

৮। রেজিষ্ট্রেশন। বিজ্ঞপ্তির অনুচ্ছেদ ১ এবং ২ অনুযায়ী আগ্রহী যোগ্য পুরুষ ও মহিলা প্রার্থীগণ আগামী ০৭ মার্চ ২০১৭ তারিখ ১০০০ ঘটিকা হতে ১৩ মার্চ ২০১৭ তারিখ ২৪০০ ঘটিকা পর্যন্ত টেলিটক প্রিপেইড মোবাইল ফোন থেকে ইংরেজিতে এসএমএস (SMS) প্রেরণের মাধ্যমে রেজিষ্ট্রেশন সম্পন্ন করতে পারবেন।

ক। এসএমএস (SMS) এর মাধ্যমে রেজিষ্ট্রেশন করার নিয়মাবলী ঃ

- বর্ডার গার্ড বাংলাদেশ এ সিপাহী (জিডি) পদে ভর্তিইচ্ছুক পুরুষ ও মহিলা প্রার্থীদেরকে টেলিটকের প্রিপেইড মোবাইলের মেসেজ অপশনে গিয়ে নিম্নলিখিত তথ্যগুলি টাইপ করে ১৬২২২ নম্বরে প্রেরণ করুন ঃ
  BGB<Space>HSC BOARD KEYWORD<Space>HSC ROLL<space>PASS YEAR<space> SSC BOARD KEYWORD <space>SSC ROLL<space>SSC PASS YEAR <space> HOME DISTIRICT CODE <space> UPAZILLA NAME ➞ SEND TO 16222
- উদাহরণ ঃ **BGB DHA 236098 2014 DHA 405698 2012 40 MIRPUR ➞ SEND TO 16222**
- প্রার্থীদের এসএমএস (SMS) প্রাপ্তির পর তাৎক্ষণিক তথ্য যাচাই করে যোগ্য প্রার্থীদেরকে একটি পিন (PIN) নম্বর সম্বলিত এসএমএস (SMS) টেলিটক নম্বরে প্রেরণ করা হবে। অযোগ্য প্রার্থীদের অযোগ্যতার কারণ এসএমএস (SMS) এ উল্লেখ থাকবে।
- যোগ্য প্রার্থীদের পিন (PIN) নম্বর প্রাপ্তির পর ১৫০.০০ টাকা আবেদন ফি প্রদান করতে ইচ্ছুক হলে পুনরায় টেলিটক মোবাইলের মেসেজ অপশনে গিয়ে নিম্নবর্ণিত তথ্যগুলি টাইপ করে ১৬২২২ নম্বরে প্রেরণ করতে হবে ঃ
  BGB<space>YES<space> PIN NUMBER <space>CONTACT MOBILE NUMBER (any mobile operator) ➞ SEND TO 16222
  উদাহরণ ঃ **BGB YES 91409812 01XXXXXXXXX ➞ SEND TO 16222**
- ভর্তি কার্যক্রমের ফি বাবদ ১৫০.০০ (একশত পঞ্চাশ) টাকা কর্তন করা হবে বিধায় দ্বিতীয়বার মেসেজ প্রেরণের পূর্বে টেলিটকের প্রিপেইড মোবাইলের ব্যালেন্স এসএমএস (SMS) প্রেরণ চার্জসহ ন্যূনতম ১৬০.০০ (একশত ষাট) টাকা থাকা আবশ্যক। দ্বিতীয়বার এসএমএস (SMS) প্রাপ্তির পর প্রার্থীকে রেজিষ্ট্রেশন নম্বরসহ একটি কনফার্মেশন এসএমএস (SMS) টেলিটক ও প্রার্থীর নিজস্ব মোবাইলে প্রেরণ করা হবে।
- ভর্তি পরীক্ষার রেজিস্ট্রেশন নম্বর হারিয়ে/ভুলে গেলে পুনরায় পাওয়ার জন্য নিম্নলিখিত তথ্যগুলি টাইপ করে টেলিটক প্রিপেইড মোবাইল হতে ১৬২২২ নম্বরে প্রেরণ করুন ঃ
  BGB<space>HELP<space>SSC BOARD KEYWORD<space> SSC ROLL <space> PASSING YEAR<space>HOME DISTRICT CODE <space> UPAZILLA NAME SEND TO ➞ 16222
  উদাহরণ ঃ **BGB HELP DHA 405698 2012 40 MIRPUR ➞ SEND TO 16222**
- শুধুমাত্র কনফার্মেশন মেসেজ প্রাপ্ত প্রার্থীগণের এসএমএস (SMS) এ সরবরাহকৃত নিজস্ব মোবাইল নম্বরে পরবর্তীতে BGB এর গ্রামীন, রবি অথবা টেলিটক নাম্বার (০১৭২৯০২৪৮৪৮, ০১৮৪৭১৬৯৭৭৭ অথবা ০১৫৫২১৪৬১৫০) এর মাধ্যমে পরীক্ষার স্থান, তারিখ ও অন্যান্য তথ্যাদি জানিয়ে এসএমএস (SMS) করা হবে।
- পরীক্ষায় উপস্থিত হওয়ার তারিখ ও সময় সম্বলিত মেসেজ মুছে/ভুলে গেলে মোবাইল ফোনের মেসেজ অপশনে গিয়ে পূর্বে প্রাপ্ত রেজিস্ট্রেশন নাম্বার টাইপ করে ০১৫৫২১৪৬১৫০ নাম্বারে পাঠিয়ে দিন (শুধুমাত্র আপনার রেজিস্ট্রেশনকৃত মোবাইল নাম্বার থেকে পরীক্ষার তারিখ সম্বলিত এসএমএস (SMS) পাওয়া যাবে)।
  উদাহরণ ঃ **91GD-010001 ➞ SEND TO 01552146150**
- ফি জমা দেওয়ার পর আবেদন চূড়ান্তভাবে গৃহীত হবে। একবার চূড়ান্ত আবেদনের পর তা আর সংশোধন বা পরিবর্তন করা যাবে না।

৯। প্রার্থীদের মেডিক্যাল ও লিখিত পরীক্ষা গ্রহণ। নির্বাচনের ক্ষেত্রে প্রার্থীদের পর্যায়ক্রমে প্রাথমিক ডাক্তারী পরীক্ষা, লিখিত পরীক্ষা এবং চূড়ান্ত ডাক্তারী পরীক্ষা গ্রহণ করা হবে। শুধুমাত্র নির্বাচিত প্রার্থীদেরকেই এইচবিএস এজি (HBs Ag) রক্ত পরীক্ষা করানো হবে। এইচবিএস এজি (HBs Ag) রক্ত পরীক্ষায় নেগেটিভ (Negative) ফলাফল প্রাপ্ত প্রার্থীগণই নির্বাচিত বলে গণ্য হবে। পরবর্তীতে পুলিশ ভিআর (VR) সম্পন্ন হওয়ার পর সঠিক তদন্ত প্রতিবেদন প্রাপ্তি সাপেক্ষে নিয়োগপত্র প্রদান করা হবে।

১০। ভর্তির সময় অবশ্যই যা সংগে আনতে হবে।

ক। এসএসসি এবং এইচএসসি বা সমমান পরীক্ষায় পাসের মূল/প্রভিশনাল সনদপত্র (প্রযোজ্য ক্ষেত্রে)।

খ। সংশ্লিষ্ট স্কুল/কলেজের প্রধান শিক্ষক/অধ্যক্ষ কর্তৃক এইচএসসি/সমমান এবং এসএসসি/সমমান পাসের প্রশংসাপত্র যাতে প্রার্থীর স্থায়ী ঠিকানা ও জন্ম তারিখ উল্লেখ থাকবে।

গ। অভিভাবকের অনুমতি পত্র যা সংশ্লিষ্ট চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনার (যা প্রযোজ্য) কর্তৃক সত্যায়িত।

ঘ। ইউনিয়ন পরিষদ/পৌরসভা চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনার (যা প্রযোজ্য) এর নিকট হতে বাংলাদেশী স্থায়ী নাগরিকত্বের সনদপত্র।

ঙ। চারিত্রিক সনদপত্র।

চ। সদ্য তোলা ১০ (দশ) কপি পাসপোর্ট সাইজের ছবি (সত্যায়িত ব্যতীত)।

ছ। ইউনিয়ন পরিষদ/পৌরসভা চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনার (যা প্রযোজ্য) কর্তৃক প্রদত্ত অবিবাহিত সনদপত্র।

জ। জাতীয় পরিচয়পত্রের মূলকপিসহ সত্যায়িত ছায়াকপি।

ঝ। বিজিবি এর কর্মরত/অবসরপ্রাপ্ত/শহীদ/মৃত সদস্যের সন্তানদের জন্য। প্রার্থীর সত্যায়িত ছবি, পিতার রেজিমেন্ট নম্বর, পদবী, নাম উল্লেখ পূর্বক স্থায়ী ঠিকানা সম্বলিত সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান/পৌরসভা চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনার কর্তৃক স্বাক্ষরিত এবং উপজেলা নির্বাহী কর্মকর্তা কর্তৃক প্রতিস্বাক্ষরিত সনদপত্রের মূলকপিসহ সত্যায়িত ছায়াকপি উপস্থাপন করতে হবে। এছাড়া কর্মরত বিজিবি সদস্যের সন্তানগণ পিতার বর্তমান পরিচয়পত্রের সত্যায়িত ছায়াকপি এবং অবসরপ্রাপ্ত, শহীদ ও মৃত বিজিবি সদস্যের সন্তানগণকে তার পিতার পেনশন বহি, কার্যমুক্তি ছাড়পত্র ও পরিচয়পত্র (যা বিদ্যমান) নির্বাচনী পর্ষদের নিকট উপস্হাপনের জন্য সংগে আনতে হবে।

ঞ। মুক্তিযোদ্ধা, বিএনসিসি ক্যাডেট, আনসার ও গ্রাম প্রতিরক্ষা, উপজাতি এবং সরকারী নিবাসী (এতিম) সদস্য প্রার্থীদের জন্য প্রযোজ্য ঃ

(১) মুক্তিযোদ্ধার সন্তান ও সন্তানদের সন্তান এর জন্য। মুক্তিযোদ্ধার সন্তান ও সন্তানদের সন্তান হিসেবে চিহ্নিত করণের জন্য স্থায়ী ঠিকানার স্থানীয় ইউনিয়ন/পৌরসভা চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনার কর্তৃক ঔরসজাত সন্তান হিসেবে প্রদত্ত প্রত্যয়নপত্র যা উপজেলা নির্বাহী কর্মকর্তা/১ম শ্রেণীর ম্যাজিস্ট্রেট দ্বারা প্রতিস্বাক্ষরিত হতে হবে। উল্লেখ্য, মুক্তিযোদ্ধার সন্তানের সন্তানদের ক্ষেত্রে আদালত কর্তৃক প্রদত্ত সাকসেশন সার্টিফিকেট উপস্থাপন করতে হবে। এছাড়া নিম্নবর্ণিত নথিপত্র সংগে আনতে হবে ঃ

(ক) মুক্তিযোদ্ধার জাতীয় পরিচয়পত্রের ফটোকপি (সত্যায়িত)/জন্ম সনদপত্রের ফটোকপি (সত্যায়িত) ও মৃত মুক্তিযোদ্ধাদের ক্ষেত্রে মৃত্যু সনদপত্রের ফটোকপি (সত্যায়িত)।

(খ) মুক্তিবার্তার ফটোকপি (সত্যায়িত)। উল্লেখ্য মুক্তিবার্তার প্রথম পাতাসহ সংশ্লিষ্ট মুক্তিযোদ্ধার নামের পাতা।

(গ) সরকার কর্তৃক জারিকৃত মুক্তিযোদ্ধার গেজেটের ফটোকপি (সত্যায়িত)। উল্লেখ্য, গেজেটের প্রথম পাতাসহ সংশ্লিষ্ট মুক্তিযোদ্ধার নামের পাতা।

(ঘ) মুক্তিযোদ্ধা মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত সনদপত্র (মুলকপি)।

(ঙ) বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ কর্তৃক প্রদত্ত সনদপত্রের ফটোকপি (সত্যায়িত)।

(চ) মুক্তিযোদ্ধার নাতির ক্ষেত্রে প্রার্থীর জাতীয় পরিচয়পত্র ও পিতা-মাতার জাতীয় পরিচয়পত্রের ফটোকপি (সত্যায়িত)।

(ছ) মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে মুক্তিযোদ্ধার উত্তরাধিকারী সনদপত্র এবং নাতিদের ক্ষেত্রে পিতা বা মাতার নাগরিকত্ব সনদপত্র।

(২) বিএনসিসি'র ক্যাডেটদের জন্য। বিএনসিসি'র কোন আগ্রহী ক্যাডেট বিজিবিতে ভর্তির ক্ষেত্রে বিএনসিসি রেজিমেন্ট কমান্ডার কর্তৃক স্বাক্ষরিত প্রত্যয়নপত্র এবং পরিচয়পত্র উপস্থাপন করতে হবে।

(৩) আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য। জেলা আনসার ও গ্রাম প্রতিরক্ষা এ্যাডজুটেন্ট এর প্রতিস্বাক্ষরিত, থানা কর্মকর্তা দ্বারা প্রদত্ত প্রত্যয়নপত্র এবং পরিচয়পত্র উপস্থাপন করতে হবে।

(৪) উপজাতীয়দের জন্য। উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক প্রদত্ত উপজাতি সনদপত্র উপস্থাপন করতে হবে।

(৫) সরকারী এতিমখানা নিবাসী (এতিম) সদস্য। সরকারী ও সরকারী নিবন্ধন প্রাপ্ত এতিমখানার প্রধান কর্মকর্তা কর্তৃক দেয় প্রশংসাপত্র যাতে প্রার্থী এতিম এবং প্রার্থীর পূর্বকালীন স্থায়ী ঠিকানা, জন্ম এবং এতিমখানা নিবাসের নিবন্ধনকৃত ব্যক্তিগত নম্বর ও উল্লেখ থাকতে হবে।

১১। খেলোয়াড়। জাতীয় পর্যায়ের খেলোয়াড়/বিকেএসপি/বিদেশী ক্রীড়া একাডেমিতে প্রশিক্ষণপ্রাপ্ত ও সম্ভাবনাময় খেলোয়াড়দের ভর্তির ক্ষেত্রে অগ্রাধিকার দেয়া হবে। এক্ষেত্রে মান সম্মত এবং দক্ষ খেলোয়াড়দের বিভিন্ন প্রতিযোগিতায় অর্জিত সনদপত্র সংগে আনতে হবে।

১২। বিশেষ দ্রষ্টব্য

ক। বিজিবিতে ভর্তিচ্ছুক পুরুষ ও মহিলা প্রার্থীকে অবশ্যই সাঁতার জানতে হবে।

খ। কোন প্রার্থী ফৌজদারী অপরাধে আদালত কর্তৃক দন্ড প্রাপ্ত হলে বিজিবিতে ভর্তির জন্য অযোগ্য বিবেচিত হবে।

গ। এক জেলার প্রার্থী অন্য জেলায় ভর্তির জন্য অযোগ্য বলে বিবেচিত হবে। কোন প্রার্থী স্থায়ী ঠিকানা গোপন করে অন্য জেলায় ভর্তি হয়েছে বলে প্রমানিত হলে সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণসহ তাকে চাকুরী হতে বরখাস্ত করা হবে।

ঘ। বাংলাদেশ সশস্ত্র বাহিনী, বাংলাদেশ পুলিশ, বাংলাদেশ আনসার ও ভিডিপি, বর্ডার গার্ড বাংলাদেশ অথবা প্রজাতন্ত্রের অন্য কোন চাকুরী হতে প্রাথমিক প্রশিক্ষণ বা চাকুরীরত অবস্থায় বহিস্কৃত হলে সংশ্লিষ্ট প্রার্থী ভর্তির জন্য অযোগ্য বিবেচিত হবে।

ঙ। ভর্তির জন্য আগত প্রার্থীদের কোনরুপ ভাতা প্রদান করা হবে না।

চ। ভুল এসএমএস (SMS) গ্রহণযোগ্য হবে না এবং প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে।

ছ। ভর্তির জন্য আগত প্রার্থীদেরকে লিখিত পরীক্ষার জন্য ক্লিপবোর্ড ও কলম সাথে আনতে হবে।

জ। ড্রাইভিং লাইসেন্সপ্রাপ্ত এবং কম্পিউটারে দক্ষ প্রার্থীদেরকে ভর্তির ক্ষেত্রে অগ্রাধিকার দেয়া হবে।

১৩। ভর্তির সময় দাখিলকৃত শিক্ষাগত যোগ্যতার সনদপত্র এবং অন্যান্য কাগজপত্র ও ঠিকানা পরবর্তীতে ভুয়া প্রমানিত হলে সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণপূর্বক "চাকুরী হতে বরখাস্ত" করে পুলিশের নিকট সোপর্দ করা হবে।

১৪। মুক্তিযোদ্ধা কোটায় ভর্তির পর কোন প্রার্থীর জমাকৃত মুক্তিযোদ্ধা সনদপত্র ভুয়া প্রমানিত হলে সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে ফৌজদারী আইনে বিচারের জন্য তাকে পুলিশের নিকট সোপর্দ করা হবে।

১৫। বিজিবি ওয়েব সাইট। ভর্তি সংক্রান্ত কোন তথ্যাদি ওয়েব সাইটে জানতে হলে Visit করুন www.bgb.gov.bd

১৬। **HELP DESK.** এসএমএস সংক্রান্ত তথ্য অনুসন্ধানের জন্য যে কোন মোবাইল ফোন হতে ০১৭৬৯৬০০৮৯৮ নম্বরে অথবা টেলিটক মোবাইল হতে ১২১ নম্বরে কল করুন।

বর্ডার গার্ড বাংলাদেশ এ ভর্তির ব্যাপারে প্রতারকের কবল থেকে সতর্ক থাকুন

১। বর্ডার গার্ড বাংলাদেশ এ কেবলমাত্র রিক্রুটিং অফিসার কর্তৃক সরাসরি লোক ভর্তি ও নিয়োগপত্র প্রদান করা হয়ে থাকে। তাই ভর্তির ব্যাপারে প্রতারক বা দালালদের কবল হতে সতর্ক থাকুন। কেউ প্রতারণা করার চেষ্টা করলে তাকে নিকটস্থ আইন প্রয়োগকারী সংস্থার নিকট সোপর্দ করুন।

২। আপনি আপনার যোগ্যতাবলেই বিজিবিতে সিপাহী পদের জন্য নির্বাচিত হতে পারেন, কোন ব্যক্তির তদবির বা বিশেষ প্রচেষ্টার প্রয়োজন হয় না। অতএব কোন ব্যক্তি চাকুরী দেওয়ার নিশ্চয়তা দিয়ে আপনার নিকট টাকা দাবী করলে নিশ্চিত জেনে রাখুন আপনি প্রতারিত হচ্ছেন।

৩। বর্ডার গার্ড বাংলাদেশ এ সুপারিশের মাধ্যমে কোন লোক ভর্তি করা হয় না। কোন ব্যক্তি কর্তৃক সুপারিশকৃত প্রার্থীকে অযোগ্য প্রার্থী হিসেবে ঘোষণা করা হবে।

৪। বর্ডার গার্ড বাংলাদেশ এ সিপাহী পদে ভর্তি কেবলমাত্র সংবাদপত্রে প্রকাশিত বিজ্ঞপ্তি ও মোবাইল এসএমএসএ উল্লেখিত তারিখ ও স্থান অনুযায়ী বর্ডার গার্ড বাংলাদেশ রিক্রুটিং টিমের মাধ্যমেই হয়ে থাকে। বিচ্ছিন্ন কোন স্থান, সময় বা ব্যক্তিবর্গের মাধ্যমে নয়।

৫। সদর দপ্তর বর্ডার গার্ড বাংলাদেশ, রেকর্ড উইং কর্তৃক সৈনিক পদে সরাসরি কোন রিক্রুটিং করা হয় না বা নিয়োগপত্র দেয়া হয় না। বর্ডার গার্ড বাংলাদেশ পোশাক পরিহিত রিক্রুটিং অফিসার কর্তৃক রিক্রুটিং টিমের অন্যান্য সদস্যদের উপস্থিতিতে জেলা সমূহের নির্ধারিত ভর্তি স্থানে নিয়োগপত্র দেয়া হয়। অতএব কোন ব্যক্তি যদি অন্য কোন স্থানে এবং রিক্রুটিং অফিসারের স্বাক্ষর ব্যতীত অন্য কারো স্বাক্ষরিত নিয়োগপত্র প্রদান করতে চায় তবে নিশ্চিতভাবে জেনে রাখুন আপনি প্রতারিত হচ্ছেন।

৬। প্রতারক সম্পর্কে সুনির্দিষ্ট অভিযোগ রিক্রুটিং অফিসারকে অথবা নিকটস্থ বর্ডার গার্ড পুলিশকে অবহিত করুন।

৭। উৎকোচের বিনিময়ে বর্ডার গার্ড বাংলাদেশ এ লোক ভর্তি করা হয় না। কোন ব্যক্তির পক্ষ হতে আপনাকে এ ধরণের প্রস্তাব দেয়া হলে মনে করবেন আপনি প্রতারিত হচ্ছেন।

৮। বর্ডার গার্ড বাংলাদেশ এ ভর্তি সংক্রান্ত বিষয়ে কোন প্রকার আর্থিক লেনদেনের ঘটনা উদঘাটিত হলে সংশ্লিষ্ট ব্যক্তির চাকুরী জীবনের যে কোন পর্যায়ে তাকে শাস্তি প্রদানসহ বরখাস্ত করা হয়।

৯। প্রতারকের কবল থেকে নিজে বাঁচুন, অন্যকে বাঁচান।

উপ মহাপরিচালক
রেকর্ড উইং
মহাপরিচালকের পক্ষে